# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ছিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৪৪) যার অভ্যাস আছে একদিন সাওম রাখা ও একদিন ছাড়া। সে কি শুক্রবারেও সাওম রাখতে পারে?

উত্তর: হ্যাঁ। কোনো মানুষ যদি এক দিন পর পর সাওম রাখার অভ্যাস করে থাকে এবং তার সাওমের দিন শুক্রবার হয় বা শনিবার বা রোববার হয়, তবে কোনো অসুবিধা নেই। তবে সে দিন যেন এমন না হয় যখন সাওম রাখা হারাম। যেমন দু'ঈদের দিন, আইয়্যামে তাশরীকের দিন (কুরবানী ঈদের পরের তিন দিনকে আইয়্যামে তাশরীক বলা হয়)। তখন সাওম পরিত্যাগ করা ওয়াজিব। নারীদের ক্ষেত্রে ঋতু বা নিফাসের দিনগুলো সাওম রাখা হারাম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1118

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন